





# বিশেষ শিক্ষা প্রক্রিয়া

আপনার শিশুর কি পড়াশোনা করতে কষ্ট হয়? আপনার শিশু কি বিদ্যালয়ে কোনো অসুবিধার সম্মুখীন হচ্ছে যা তার পড়াশোনায় ব্যাঘাত ঘটাচ্ছে? কি ধরণের সাহায্যের প্রয়োজন তা নির্ধারণ করার জন্য বিদ্যালয়ের শিক্ষক বা বিদ্যালয় কর্তৃপক্ষের সাথে কথা বলুন। শ্রেনীকক্ষের সকল সুযোগ-সুবিধা নেয়ার পরও যদি উক্ত শিশুর কোনো উন্নতি দেখা না যায় তাহলে শিশুটিকে "বিশেষ শিক্ষা ব্যবস্থা"'র অধীনে নিয়ে আসতে হবে।

**ধাপ ১ – রেফারেল**

বিদ্যালয়ে আপনার শিশু কি করে এ বিষয়ে আপনি যদি উদ্বেগ প্রকাশ করেন তাহলে আপনি শিশুর কর্মক্ষমতা ও প্রয়োজন সম্পর্কিত মূল্যায়ন করার জন্য অনুরোধ করতে পারেন।

- প্রাক-বিদ্যালয় বিশেষ শিক্ষা কমিটির কাছে লিখিতভাবে এ ব্যাপারে আবেদন করা যাবে। (সিপিএসই, বয়স ৩-৫)।
- অথবা বিশেষ শিক্ষা কমিটির কাছে (সিপিএসই, বয়স ৫-২১)। এই কমিটিতে শিশুর পিতা-মাতা, বিশেষ শিক্ষক, নিয়মিত শিক্ষক সহ অন্যান্য আরো অনেকে রয়েছেন।
- আপনার রেকর্ডের অনুরোধপত্রের কপি সঙ্গে রাখুন।

**ধাপ ২ – ব্যাক্তিগত মূল্যায়ন**

বিশেষ শিক্ষা ব্যবস্থা আপনার শিশুর জন্য কতটুকু সাহায্যকারী হবে তা বিদ্যালয়ে আপনার শিশুর দক্ষতা যাচাইয়ের মাধ্যমে নির্ধারণ করা।

**ধাপ ৩ – বিশেষ শিক্ষা সেবার জন্য যোগ্যতা নির্ধারণ**

আপনার শিশুর মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন হবার পর সিপিএসই বা সিপিই কমিটি আপনার শিশুর জন্য কি ধরণের বিশেষ শিক্ষা ব্যবস্থা ভালো হবে সে ব্যাপারে সিদ্ধান্ত নিবে।

**ধাপ ৪ – একক শিক্ষা কার্যক্রম ( আইইপি )**

আপনার শিশু বিশেষ শিক্ষা সেবা পাওয়ার যোগ্যতা লাভের পর কমিটি একক শিক্ষা কার্যক্রম(আইইপি) গঠন করবে।আইইপি একটি দলিল যা শিশুর শক্তি এবং যে সেবা ও সহায়তা সে পাবে এবং তার বার্ষিক লক্ষ্য বর্ণনা করবে।

**ধাপ ৫ – বার্ষিক পর্যালোচনা/পূর্ণমূল্যায়ন**

- এই কমিটি প্রতি বছর আইইপি কে পর্যালোচনা (বার্ষিক) করে দেখবে লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে কিনা এবং কেমন অগ্রগতি হয়েছে।
- শিশুকে অবশ্যই প্রতি তিন বছর অন্তর আনুষ্ঠানিকভাবে পূর্ণমূল্যায়ন করা হবে,তবে এই কার্যক্রমকে যেকোন সময় পর্যালোচনা করা হতে পারে।

## ? আপনি জানেন কি

দি ইন্ডিভিজুয়াল উইদ ডিস্যাবিলিটিস এডুকেশন এক্ট( আইডিইএ) আইনটি ১৯৭৫ সালে কংগ্রেস দ্বারা কার্যকর করা হয়েছে যাতে শারীরিকভাবে অক্ষম শিশুরাও অন্যান্য শিশুদের মত সঠিকভাবে বিনামুল্যে জনসাধারণের শিক্ষা পেয়ে থাকে।

৮.৪ % ছাত্র-ছাত্রী IDEA (আইডিইএ) এর অধীনে বিশেষ শিক্ষা ব্যবস্থা পেয়ে থাকে।

২০১০-২০১১ শিক্ষাবর্ষে আইডিইএ/বিশেষশিক্ষা থেকে বেরুনো ১৪-২১ বছরের ছাত্র-ছাত্রীদের মধ্যে ৬৩.৮% স্নাতক ডিগ্রী নিয়ে বের হয়েছে।

এই প্রক্রিয়ার প্রতিটি ধাপে পিতা-মাতা'র গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। তাই পিতা-মাতার দৃঢ়ভাবে জড়িত থাকার জন্য উৎসাহিত করা হয়।

রেফারেন্স এবং তথ্যঃ-*specialeducationadvisor.com* *-futureofchildren.org* *-disabilitycompendium.org*
আরোও তথ্যের জন্য ভিসিট করুনঃ *parentnetworkwny.org*.

এই ডকুমেন্টের বিষয়বস্তু ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন এর অনুদানের অধীনে তৈরি করা হয়েছে। #এইচ৩২৫১৬০০০৩। তদুপরি, এই বিষয়বস্তুগুলো ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন এর নীতির প্রতিনিধিত্ব করে না এবং ফেডারেল গভঃমেন্ট অনুমোদিত বলে মনে করা উচিত নয়। প্রকল্প কর্মকর্তা কারমেন সাঞ্চেজ।

(৭১৬) ৩৩২-৪১৭০
info@parentnetworkwny.org
www.parentnetworkwny.org

@ParentNetwork
@PNWNY






# ৫০৪ **পরিকল্পনা**

বিদ্যালয়ে আপনার শিশুর সফলতার জন্য যদি অতিরিক্ত সাহায্যের প্রয়োজন হয়, কিন্তু আপনার শিশু বিশেষ শিক্ষা ব্যবস্থার জন্য যোগ্য নয় বলে বিবেচিত হলে আপনি কি করবেন? আমাদেরকে ৫০৪ পরিকল্পনা সম্পর্কে জিজ্ঞেস করুন! এই পরিকল্পনায় আবাসন ও সেবার মাধ্যমে আপনার শিশুর প্রত্যক্যভাবে অংশগ্রহণ নিশ্চিত হয়।

জিজ্ঞেস করুন নিজেকে, নিজের ডাক্তারকে বা নিজের শিক্ষককেঃ

- আপনার শিশুর কি কোনো শারিরীক অক্ষমতা আছে যা তার দৈনিন্দিন কার্যকলাপের ক্ষমতাকে সীমিত করে দেয়।
- এটা কি তাদেরকে শিক্ষায় সম্পূর্ণভাবে অংশগ্রহণ করতে বাধা দিচ্ছে?

**ধাপ ১ – রেফারেল**

- আপনি যদি মনে করেন অক্ষমতার কারণে আপনার শিশুর আবাসন প্রয়োজন তাহলে বিদ্যালয়ের প্রিন্সিপাল এর নিকট চিঠি লিখুন এবং ৫০৪ পরিকল্পনা বিবেচনা করার অনুরোধ জানান।
- আপনার রেকর্ডের অনুরোধপত্রের কপি সঙ্গে রাখুন।

**ধাপ ২ – ব্যাক্তিগত মূল্যায়ন**

- বিদ্যালয়ের একটি দল আপনার শিশুর শরীরে কোন বিকলতা( যেমনঃ দেখা, শোনা, হাটা, বুঝা ইত্যাদি) আছে কিনা যা শিশুর জীবনের প্রধান কার্যকলাপসমূহ সীমিত করে দেয় তা পর্যালোচনা করে।
- পর্যালোচনা শেষ হবার পর কমিটি একটি দল গঠন করবে যা শিশুটি ৫০৪ পরিকল্পনার যোগ্য কিনা তা যাচাই করবে। ( পিতা-মাতা ও পরিবারের সদস্যরা এই দলের অংশ।)
- বিদ্যালয়ের কোথায় এবং কখন এই সাক্ষাত অনুষ্ঠিত হবে তা  অবশ্যই পিতা-মাতা কে জানাতে হবে যাতে তারা অংশগ্রহণ করতে পারে।

**ধাপ ৩ – ৫০৪ পরিকল্পনা গ্রহণ করা**

- শিশু যখনই যোগ্য হবে তখনই দলকে পরিকল্পনা তৈরি করতে হবে।
- ৫০৪ পরিকল্পনার অধীনে আবাসন ও প্রয়োজনীয় সেবা রয়েছে যা শিশুর বিদ্যালয়ে সকল কার্যক্রমে সফল্ভাবে অংশগ্রহণ নিশ্চিত করে।

**ধাপ ৪ – ৫০৪ পরিকল্পনা পর্যালোচনা করা**

- বিদ্যালয় কর্তৃপক্ষ প্রতি বছর এই পরিকল্পনা পর্যালোচনা করে শিশুর জন্য সঠিক আবাসন ও সেবার ব্যবস্থা প্রদান করবে। শিশুর উন্নতি পর্যবেক্ষণ করে এই পরিকল্পনা তার জন্য এখনও প্রয়োজনীয় কিনা তা যাচাই করা হয়।

যত বেশি **তুমি** জানবে

সেকশন ৫০৪ একটি ফেডারেল আইন হলো, মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগ থেকে ফেডারেল আর্থিক সহায়তাপ্রাপ্ত প্রোগ্রাম ও কার্যক্রমগুলিতে শারীরিকভাবে অক্ষম ব্যাক্তিদের অধিকার রক্ষার জন্য নকশাকৃত আইন।

৫০৪ পরিকল্পনার কোনো নির্দিষ্ট মানদণ্ড নেই।প্রত্যেক শিক্ষার্থীর বিভিন্ন চাহিদা রয়েছে এবং যোগ্যতা অনুযায়ী বিভিন্ন পরিকল্পনা দেয়া হয়।

সেকশন ৫০৪ অনুযায়ী একজন শারীরিকভাবে অক্ষম ব্যাক্তির জন্য নকশাকৃত শিক্ষাব্যবস্থায় নিয়মিত শ্রেনীকক্ষে শিক্ষা, সম্পূরক ব্যবস্থাসহ নিয়মিত ক্লাস এবং/অথবা বিশেষ শিক্ষা  ও অন্যান্য সেবার ব্যবস্থা থাকবে।

রেফারেন্স এবং তথ্যঃ -www.opwdd.ny.gov - www2.ed.gov আরোও তথ্যের জন্য ভিসিট করুনঃ parentnetworkwny.org

এই ডকুমেন্টের বিষয়বস্তু ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন এর অনুদানের অধীনে তৈরি করা হয়েছে। #এইচ৩২৫১৬০০০৩। তদুপরি, এই বিষয়বস্তুগুলো ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন এর নীতির প্রতিনিধিত্ব করে না এবং ফেডারেল গভঃমেন্ট অনুমোদিত বলে মনে করা উচিত নয়। প্রকল্প কর্মকর্তা কারমেন সাঞ্চেজ।

(৭১৬) ৩৩২-৪১৭০
info@parentnetworkwny.org
www.parentnetworkwny.org

PARENT NETWORK OF WESTERN NEW YORK

@ParentNetwork
@PNWNY